সমকাল

# উত্তরা ইউনিভার্সিটিতে রিসার্চ অ্যান্ড পাবলিকেশন অ্যাওয়ার্ড অনুষ্ঠিত

সমকাল প্রতিবেদক

প্রকাশ: ২০ মে ২০২৪ | ০৩:১৪




গবেষণা ও প্রকাশনায় বিশেষ অবদানের জন্য উত্তরা ইউনিভার্সিটির ৪০ শিক্ষক ও ৮ শিক্ষার্থী পেয়েছেন 'রিসার্চ অ্যান্ড পাবলিকেশন অ্যাওয়ার্ড-২০২৩'। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) পূর্ণকালীন সদস্য অধ্যাপক ড. বিশ্বজিৎ চন্দ, বিশেষ অতিথি ছিলেন ইউজিসির বেসরকারি বিশ্ববিদ্যালয় বিভাগের পরিচালক মো. ওমর ফারুখ।

শনিবার দুপুরে ইউনিভার্সিটির উত্তরা বেড়িবাঁধ রোডের স্থায়ী ক্যাম্পাসের মাল্টিপারপাস হলে অ্যাওয়ার্ড অনুষ্ঠানের আয়োজন করে সেন্টার ফর রিসার্চ অ্যান্ড ট্রেনিং (সিআরটি)। এ সময় বিভিন্ন অনুষদের শীর্ষ ৪০ জন শিক্ষক ও ৮ জন শিক্ষার্থীকে রিসার্চ অ্যান্ড পাবলিকেশন অ্যাওয়ার্ড দেওয়া হয়। ওয়েব অব সায়েন্স, স্কোপাস ইনডেক্স জার্নাল, ইউ ইউ জার্নালসহ জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ের জার্নালে তাদের গবেষণাপত্র প্রকাশিত হওয়ায় সম্মান স্বরূপ এ অ্যাওয়ার্ড দেওয়া হয়।

'রিসার্চ অ্যান্ড পাবলিকেশন অ্যাওয়ার্ড-২০২৩' অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক ড. ইয়াসমীন আরা লেখা। 'রিসার্চ অ্যান্ড পাবলিকেশন অ্যাওয়ার্ড-২০২৩' স্বাগত বক্তব্য দেন

উত্তরা ইউনিভার্সিটির স্কুল অব সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিংয়ের ডিন ও সিআরটি’র পরিচালক অধ্যাপক ড. মো. মিজানুর রহমান।

এ সময় আরও উপস্থিত ছিলেন ফিনটেক রিসার্চ গ্রুপের পরিচালক আবিদ আজিজ, উত্তরা ইউনিভার্সিটির উপ-উপাচার্য অধ্যাপক ড. গৌর গোবিন্দ গোস্বামী, রেজিস্ট্রার, সকল ডিন, চেয়ারম্যান, অধ্যাপক, সহযোগী অধ্যাপকসহ অন্যান্য শিক্ষকরা।